

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
“চট্টগ্রাম,খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগে একটি করে
ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন” শীর্ষক প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নং ৫৭.০৩.০০০০.০৪৩.১১.০৭.১৯- ৯২

তারিখঃ ২৮/০৭/২০১৯ খ্রিঃ


নিয়োগপত্র

শিক্ষা মন্ত্রণালয়ের, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন “চট্টগ্রাম,খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগে একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন” শীর্ষক প্রকল্পের পিআইইউ অফিসে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য “অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর” পদে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৬ মোতাবেক প্রাপ্য সাকুল্য (১৭০৪৫/-) টাকা বেতনে এবং সরকার প্রদত্ত অন্যান্য সুবিধাদিসহ নিম্নলিখিত শর্তাধীনে সম্পূর্ণ অস্থায়ী ভাবে নিয়োগ প্রদান করা হলো।

প্রার্থীর রোল নং	প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	পদের নাম
অস ০১০	নামঃ আনোয়ার হোসেন পিতার নামঃ মজিবুর রহমান মাতার নামঃ জান্নাতুল ফেরদাউস গ্রামঃ লাউতলী ডাকঘরঃ ছমির মুন্সির হাট উপজেলাঃ বেগমগঞ্জ জেলাঃ নোয়াখালী	আনোয়ার হোসেন ডাটা এন্ড্রি অপারেটর বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প কারিগরি শিক্ষা অধিদপ্তর আগারগাঁও, ঢাকা	“অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর”

শর্তাবলিঃ

- (ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী।
- (খ) চাকুরীতে যোগদানের সময় সুস্থতা ও সরকারী চাকুরী করার উপযুক্ততার সমর্থনে নিজ জেলা/ঢাকা জেলার সিভিল সার্জন এর নিকট হতে স্বাস্থ্যগত সার্টিফিকেট গ্রহণপূর্বক যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে।
- (গ) প্রার্থীর চরিত্র ও প্রাক-কার্যাবলীর পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক হতে হবে। তাকে যোগদানের পর পরই পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে প্রকল্প পরিচালকের কার্যালয়ে দাখিল করতে হবে। পুলিশী তদন্তে কোন তথ্য ভুল প্রমাণিত হলে/সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল করা হবে।
- (ঘ) চাকুরীতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- (ঙ) চাকুরি হতে অব্যাহতি পেতে চাইলে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষকে লিখিত ভাবে জানাতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের বেতন-ভাতার সমপরিমাণ অর্থ মাসিক বেতন হতে কর্তন করা হবে।
- (চ) প্রার্থীর বিরূপ আচরণ, অসদাচরণ, নিয়ম বহির্ভূত কোন কাজ পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তাৎক্ষণিক বা ক্ষেত্র বিশেষে ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ দিয়ে তাকে চাকরি হতে অব্যাহতি দিতে পারবে।
- (ছ) প্রকল্প সমাপ্তিতে এ নিয়োগপত্রই অব্যাহতি পত্র হিসেবে বিবেচিত হবে।
- ০২। বর্ণিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১/০৮/২০১৯ খ্রিঃ তারিখ বা তার পূর্বে অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, “চট্টগ্রাম,খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগে একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন” শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর যোগদানপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে অসমর্থ হলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবে এবং তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আককাছ আলী সেখ)

প্রকল্প পরিচালক

“চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও রংপুর বিভাগে একটি করে
ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন” শীর্ষক প্রকল্প

স্মারক নং ৫৭.০৩.০০০০.০৪৩.১১.০৭.১৯- ৯১

তারিখঃ ২৮/০৭/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ২৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৬। জনাব আনোয়ার হোসেন, পিতাঃ মজিবুর রহমান, মাতারঃ জান্নাতুল ফেরদাউস, গ্রামঃ লাউতলী, ডাকঘরঃ ছমির মুন্সির হাট, উপজেলাঃ বেগমগঞ্জ, জেলাঃ নোয়াখালী
- ৭। অফিস কপি।


(মোঃ আককাছ আলী সৈখ)
প্রকল্প পরিচালক

“চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও রংপুর বিভাগে একটি করে
ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন” শীর্ষক প্রকল্প